জলঘড়ি

REGN. NO. WBBEN/2018/77053

পঞ্চম বর্ষ । দ্বিতীয় সংখ্যা । এপ্রিল, '২৩ - জুলাই, '২৩



ক্রোড়পত্র:

অন্তরঙ্গে মিহির সেনগুপ্ত

এবং জলঘড়ি

EBONG JALGHARI—A LITERARY & CULTURAL MAGAZINE

পঞ্চম বর্ষ, দ্বিতীয় সংখ্যা
এপ্রিল-জুলাই ২০২৩

উপদেশক

অভিজিৎ সেন সুমিতা চক্রবর্তী সাধন চট্টোপাধ্যায়
ভবেশ দাশ অভ্র ঘোষ শুভাশিস মুখোপাধ্যায়

পৃষ্ঠপোষক

অশোক ষন্নিগ্রাহী মহীরুহশেখর বন্দ্যোপাধ্যায় তপেন্দ্রকুমার পাল ছন্দা চট্টোপাধ্যায়

সম্পাদক

রীনা চৌধুরী

সংখ্যা-সম্পাদক

অর্দ্ধেন্দুশেখর গোস্বামী স্বাগতা দাশ মুখোপাধ্যায়

সম্পাদকমণ্ডলী

অজয় মুখোপাধ্যায় অর্দ্ধেন্দুশেখর গোস্বামী
অসীমকুমার ঘোষ আশিসকুমার দত্ত উৎপল ঝা কল্যাণ নন্দী
রীনা চৌধুরী শক্তিসাধন মুখোপাধ্যায় স্বাগতা দাশ মুখোপাধ্যায়

প্রকাশক

অসীমকুমার ঘোষ

সহযোগী

জ্যোতির্ময় রায় মেঘ মুখোপাধ্যায়

প্রচ্ছদ, নামলিপি

সুব্রত মাজী

প্রচ্ছদ অলংকরণ ও ক্রোড়পত্রের প্রচ্ছদ

অদ্বয় দত্ত

হরফ ও মুদ্রণ

শালিনী ডটস
১৯/এইচ/এইচ গোয়াবাগান স্ট্রিট
কলকাতা-৭০০ ০০৬

বিনিময় : ২০০ টাকা

সূচি

সম্পাদকের নিবেদন ৯

পূর্ব সংখ্যা বিষয়ে ১১

কবির আখর

কবিতা (হস্তাক্ষর) ❑ রণজিৎ দাশ ১৩

কবিতা (মুদ্রিতরূপ) ❑ রণজিৎ দাশ ১৪

পুবের হাওয়া

ভগবান যা বললেন ❑ নির্মলেন্দু গুণ ১৫

উত্তরের হাওয়া

ধীমান ❑ সঞ্জয় সাহা ১৭

কবিতা

বিপ্রশ্নিকা ❑ মলয় গোস্বামী ১৮

আমলকি বনে ❑ জয়া মিত্র ১৯

বৃন্দগান ❑ উমা বন্দ্যোপাধ্যায় ২১

মাতাল ❑ উজ্জ্বল সিংহ ২২

ঘুসঘুসে দীর্ঘশ্বাসে ❑ রথীন কর ২৩

প্রতিজ্ঞা ❑ সন্মাত্রানন্দ ২৪

সভ্যতা ❑ সুরজিৎ বসু ২৫

একাকী নির্জনে : ৪৪ ❑ চন্দন রায় ২৬

পাত্তা ❑ গৌতম হাজরা ২৮

দোষ ❑ অভিজিৎ বেরা ২৯

চর্যাপদ-১-২-৩ ❑ হৃষিতা বক্সী ৩০

প্রবন্ধ

বৈদ্যুতিন সংস্কৃতিচর্চার সন্ধানে ❑ সুকান্ত চৌধুরী ৩২
মানুষ দুর্যোধন—এক বিরাটত্বের নাম ❑ পারমিতা ভৌমিক ৪৪

নাটক

অথ সত্য-উমাশশী কথা [বিমল কর-এর ‘বৃদ্ধস্য ভার্যা’ গল্প অবলম্বনে]
নাট্যরূপ ❑ উৎপল ঝা ৫৬

ধারাবাহিক

কাজের লোক (পূর্ব প্রকাশিতের পর) ❑ ছন্দা চট্টোপাধ্যায় ৯৪

স্মৃতিগদ্য

বাবা-কাহিনি ❑ সোমা বন্দ্যোপাধ্যায় ১০৫

গল্প

সেই ছেলেটা ❑ সর্বাণী বন্দ্যোপাধ্যায় ১১৫
প্রত্যাবর্তন ❑ হামিরউদ্দিন মিদ্যা ১২২
জানালা ❑ বোধিসত্ত্ব ভট্টাচার্য ১৩১

পাঠ পরিক্রমা

চারুবালা ঠাকুরের ‘আমার কথা’ ❑ শুভজিৎ সরকার ১৩৮
কথাকার দেবেশকান্তি রোদ্দুর হতে চায়নি ❑ সাধন চট্টোপাধ্যায় ১৫৫
‘অন্তরঙ্গ’ তার গণ্ডী পেরিয়ে ❑ কস্তুরী মুখোপাধ্যায় ১৬১
মেয়েদের চোরাগোপ্তা স্ল্যাং : একটি অনন্য আলাপচারিতা ❑
সত্রাজিৎ গোস্বামী ১৬৩

পাঠকের চিঠি

বিশ্বনাথ গরাই ১৬৬

দুরের জানালা

ইয়োরোপ-সুন্দরী নেদারল্যান্ড ❑ তপেন্দ্রকুমার পাল ১৬৮

স্মরণ

চড়ুই পত্রিকার চড়ুই সে নয়, সে জটায়ু সে সম্পাতি, সে সিন্ধুসারস ❑
নীলিম গঙ্গোপাধ্যায় ১৮২

চন্দ্রকান্ত মুড়াসিং ❑ সুব্রত দেব ১৮৭

❑

ক্রোড়পত্র ❑ অন্তরঙ্গে মিহির সেনগুপ্ত

ভূমিকা ❑ সংখ্যা-সম্পাদক ১৯৫
মিহির, তোমার সঙ্গে ❑ সন্ধ্যা রায় সেনগুপ্ত ২০১
মিহির সেনগুপ্ত : স্মৃতি তর্পণ ❑ গোপা দত্ত ভৌমিক ২৩৪
স্মৃতি ও স্মৃতি-বিশ্লেষণ : অনুভবের নির্বেদ ❑ বিশ্বজিৎ রায় ২৪০
মিহিররশ্মি—নাবাল থেকে টাঁড়ে ❑ সুমনা রহমান চৌধুরী ২৫০

মিহির সেনগুপ্তর পাণ্ডুলিপি থেকে

স্মৃতিমঙ্গল কথা ১ ❑ ২৬২
স্মৃতিমঙ্গল কথা ২ ❑ ২৯৭
আমার মা'র কথা ❑ ৩১০
সুধাময়ীকে নিয়ে ❑ ৩১৮
'বড়দি' চরিত ❑ ৩২৩
শেষতক আমরা কী নিয়ে থাকি? ❑ ৩৩৩
দ্বিজেন শর্মা : নিসর্গ কথা ❑ ৩৬৩
এক প্রসন্ন প্রত্যাবর্তনের কাহিনী ❑ ৩৮৪

মিহির সেনগুপ্তর সর্বশেষ সভা-সম্ভাষণ ❑ ৪০১
সাক্ষাৎকার : মানিকলাল সিংহ ❑ ৪০৭
আলোক চিত্র ❑ ৪৩০-৪৩৬

‘অন্তরঙ্গ’ তার গণ্ডী পেরিয়ে

কস্তুরী মুখোপাধ্যায়

> ‘যে শাখায় ফুল ফোটে না, ফল ধরে না একেবারে,
> তোমার ওই বাদল বায়ে দিক জাগায়ে সেই শাখারে।’

ফুল ধরে না ঠিকই, কিন্তু বৃক্ষশাখার সৌন্দর্য কি তাতে কমে? যে সুন্দরের প্রতি আমরা উদাসীন ছিলাম এককালে। সেই উদাসীনতাকে উপভোগের কারণ করে দেখানোর বই ‘ঋতুঅবসান : মেয়েদের অনুভূতি ও অভিজ্ঞতা’ [সম্পাদনা—বাসবী চক্রবর্তী; কারিগর]। কৈশোর থেকে যৌবনে যাওয়া এবং যৌবন থেকে প্রৌঢ়ত্বে অবতীর্ণ হওয়ার মধ্যে একটি রক্তিম সরলরেখার ব্যবধান। এই অভিজ্ঞতা জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সব নারীর। অথচ ক’জনের জানা আছে যে ১৮ই অক্টোবর ‘World Menopause Day’। যাক্ বাঁচা গেল থেকে আর ন্যাপকিনের বোঝা বইতে হবে না বা এবার থেকে আর দিন বুঝে হাল্কা রং গাঢ় রঙের পোশাক বাছার দুশ্চিন্তা নেই এই জাতীয় সামাজিক মনোভাবের পাশাপাশি একান্ত ব্যক্তিগত অনুভূতির কথাও তাঁরা লিখেছেন। সেই অনুভূতি যে সবসময়-স্বস্তির তা নয়, অস্বস্তির উদ্বেগেরও।

ঋতুঅবসান আদতে একান্ত মেয়েদের নিজস্ব বিষয় নয়, ঋতুঅবসান সমাজ-বিজ্ঞানের বিষয়। বিজ্ঞান তাকে একভাবে দেখে, সমাজ আরেকভাবে। চিকিৎসাবিজ্ঞান-মতে ব্যাপারটা ঠিক কী, কতখানি হরমোনের উথালপাথাল হয়, কতখানি খাদ্যপুষ্টি বা কতখানি শরীরচর্চা প্রয়োজন সেই তথ্যভিত্তিক আলোচনা এবং পারিবারিক আপ্যায়নের উদাসীনতা সেই মেয়ের জীবনের ঋতুপরিবর্তনে কতখানি সহায়ক অথবা সহায়ক নয়—সেই অভিজ্ঞতার সমাবেশ সম্পাদক বাসবী চক্রবর্তী একত্র করেছেন।

ন’বছর আগে ঋতুমতী মেয়ের প্রথম অভিজ্ঞতার সংকলন ‘এগারোয় পা’ বেশ সাড়া ফেলেছিল। অপরিণত আশঙ্কায় নানান সামাজিক ট্যাবু পার হতে হতে প্রথম

মাসিকচক্রে প্রবেশ। ঋতুঅবসান সেদিক থেকে অনেকটাই পরিণত অভিজ্ঞতা। কিন্তু সমাজবিধি যে ঠিক ততটা পরিণত নয়, তা বেশ উঠে আসে মেনোপজ পরবর্তী মহিলারোগী নিয়ে ডাক্তারবাবুদের আলোচনায় বা স্বামীটি যখন তার স্ত্রীকে অবহেলার চোখে দেখে। বোঝা যায়, ঋতুঅবসান শহুরে উপার্জনক্ষম নারীর কাছে যতটা স্বস্তির, ঠিক ততটা স্বস্তির নয় দারিদ্রসীমার নীচে বা প্রথাগতশিক্ষার বাইরে থাকা মেয়েটার। রান্নাবান্না, ঘরদোর সামলানোর পাশাপাশি দিনান্তে স্বামীকে সোহাগ-সাহচর্য দেওয়াও তার একটা নিত্যকর্ম।

উনিশ বিশ শতকের মেয়েদের লেখালিখিতেও অনেক অপ্রাপ্তির কথা আছে, কিন্তু প্রত্যক্ষত এহেন অনুভূতির কথা প্রায় নেই। অথচ রাসসুন্দরী দেবীর আত্মকথায় দুলাইনের মাঝখানে মাঝখানে সাদা পরিসরে কি আমরা পড়ে নিইনি, সেই সন্তানের পর সন্তানের জন্ম এবং নানান শারীরিক যন্ত্রণার বৃত্তান্ত? সময় বদলেছে। কেবল মানবিকীবিদ্যার গণ্ডী পার করে সমাজপর্যালোচনার বৈজ্ঞানিক দিগন্ত খুলে দেখানোর স্পর্ধা দেখায় এই অনুভূতিমালার সংকলন। তাঁরা কখনো তথ্য দিয়ে দেখিয়েছেন, মেনোপজ যৌনজীবনে বা দাম্পত্যসম্পর্কে কোনো দাঁড়ি নয়। কখনো নিজের জীবনাভিজ্ঞতায় দেখিয়েছেন এই দ্বিতীয় বয়ঃসন্ধির পর নতুন জীবনযাপনপ্রণালীর উপভোগ্যতা, নতুনভাবে নিজেকে সুন্দর এবং সম্পূর্ণ করার প্রচেষ্টার কথা। আসলে সবটাই সামাজিক ট্যাবুর সঙ্গে বিজ্ঞানসম্মত ইচ্ছাশক্তির লড়াই। ঠিক যেভাবে বিধবা হওয়ার পর ষাট বছরের এক লেখিকা সাঁতার শিখতে শুরু করায় সকলে তার কারণ জানতে উদগ্রীব হয়ে পড়ে এবং জানতে পারে, আসলে বিষয়টা কিছুই নয়, তাঁর ইচ্ছে। এর সঙ্গে বয়স, বৈধব্য, মেনোপজের সম্পর্ক শূন্য। তবে এ বইতে যাঁরা লিখেছেন, তাঁরা সকলেই প্রায় অধ্যাপনা বা সমতুল পেশার লেখিকা। এর সঙ্গে গৃহবধূ বা শ্রমজীবী মহিলাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা যুক্ত হলে আরেকটু পুষ্ট হতে পারতো। খুব অভাব অনুভব হয় নবনীতা দেব সেনের জন্য। যদিও চৈতালী চট্টোপাধ্যায়, গার্গী রায়চৌধুরী, যশোধরা রায়চৌধুরীর কলম অনেকখানি মেটায় সেই ঘাটতি।

‘ঋতুঅবসান : মেয়েদের অনুভূতি ও অভিজ্ঞতা’
সম্পাদনা-বাসবী চক্রবর্তী
কারিগর
দাম-৩০০ টাকা